

বিচারব্যবস্থার একটি উল্লেখযোগ্য বৈশিষ্ট্য। চীনের জাটিল ও গুরুত্বপূর্ণ মামলার ক্ষেত্রে পরামর্শ দানের  
 বিচারবিভাগীয় কমিটি জনা আদালতসমূহের বিচারবিভাগীয় কমিটি রয়েছে। এই বিচারবিভাগীয় কমিটিসমূহ  
 আইনানুগ ব্যাখ্যা মূল্যায়নের দায়িত্ব পালন করে। পরিশেষে বলা যায় যে, উদারনৈতিক গণতন্ত্রের নাম  
 সমাজতান্ত্রিক চীনে বিচারবিভাগের নিরপেক্ষতায় গুরুত্ব আরোপ করা হয় না। সমাজতান্ত্রিক সমাজ ও রাষ্ট্র  
 ব্যবস্থাকে রক্ষা করাই এর চরম লক্ষ্য।

প্রশ্ন : ২। গণ-সাধারণতন্ত্রী চীনের গণ-প্রকিউরেটরেট ব্যবস্থার ওপর একটি টীকা লেখো। (Write  
 a note on the Procuratorate System of China.)

[C. U. '98, 2000 ; N.B.U. 2002 ; V.U. 1993, '97]

উত্তর : সমাজতান্ত্রিক নীতি ও আদর্শ বুণায়ণের জন্য গণ-প্রকিউরেটরেট সমাজতান্ত্রিক চীনের  
 বিচারব্যবস্থার এক অপরিহার্য অঙ্গ। ওয়েন বলেন—*People's procuratorates are organs of  
 State supervising the administration of Justice in China.* ১৯৭৮ খ্রিস্টাব্দের সংবিধানে  
 প্রকিউরেটর দপ্তরের পুনঃপ্রবর্তন করা হয়। ১৯৮২ খ্রিস্টাব্দের সংবিধানে প্রকিউরেটর ব্যবস্থাকে আরও  
 দক্ষিশালী করা হয়েছে।

### ■ বৈশিষ্ট্য

চীনের গণ-প্রকিউরেটর ব্যবস্থার নিম্নলিখিত বৈশিষ্ট্যগুলি লক্ষ করা যায়।

প্রথমত, বর্তমান সংবিধানের ১২৯ নং ধারায় গণ-সাধারণতন্ত্রী চীনের গণ-প্রকিউরেটরেট- গুলিকে  
 আইনগত তত্ত্বাবধানের রাষ্ট্রীয় সংস্থা বলে বর্ণনা করা হয়েছে।

দ্বিতীয়ত, ১৩০ নং ধারায় বলা হয়েছে, গণ-প্রকিউরেটরেটগুলির সংগঠন আইন দ্বারা নির্ধারিত।

তৃতীয়ত, গণ-প্রকিউরেটরেট-এর কাঠামোটি ক্রমস্তর বিন্যস্ত। এর শীর্ষে রয়েছে সর্বোচ্চ  
 গণ-প্রকিউরেটরেট। এছাড়া আছে, বিভিন্ন স্তরের আঞ্চলিক গণ-প্রকিউরেটরেট, সামরিক  
 প্রকিউরেটরেট এবং বিশেষ গণ-প্রকিউরেটরেট।

চতুর্থত, গণ-প্রকিউরেটরেটগুলি আইন অনুযায়ী স্বাধীনভাবে কাজ করতে পারে। কোনো প্রশাসনিক  
 সংস্থা, গণ-সংগঠন বা ব্যক্তি এই দপ্তরগুলির কাজে হস্তক্ষেপ করতে পারে না (১৩১ নং ধারা)।

পঞ্চমত, সর্বোচ্চ গণ-প্রকিউরেটরেটে জাতীয় গণ-কংগ্রেস ও তার স্থায়ী কমিটির নিকট দায়িত্বশীল  
 থাকে। অন্যান্য পর্যায়ের গণ-প্রকিউরেটরেটগুলি সংশ্লিষ্ট পর্যায়ে রাষ্ট্রীয় ক্ষমতার সংস্থা এবং পরবর্তী  
 উচ্চতর পর্যায়ের গণ-প্রকিউরেটরেট-এর নিকট দায়িত্বশীল থাকে (১৩৩ নং ধারা)।

ষষ্ঠত, রাষ্ট্রীয় কর্মচারী বা কোনো ব্যক্তি আইনভঙ্গ করে নাগরিক অধিকারে হস্তক্ষেপ করলে  
 প্রকিউরেটরেটগণ অভিযোগ আনয়ন করেন এবং নাগরিক অধিকারসমূহ রক্ষার ব্যবস্থা করেন।

সপ্তমত, প্রকিউরেটরেটগণ নিরপেক্ষভাবে কাজ করে থাকেন। কোনো শীর্ষস্থানীয় নেতা বা পদস্থ  
 সরকারি কর্মচারী থেকে আরম্ভ করে একজন সাধারণ নাগরিক পর্যন্ত সকলের ক্ষেত্রেই এঁরা সমানভাবে  
 ক্ষমতা প্রয়োগ করেন।

### ■ সর্বোচ্চ গণ-প্রকিউরেটরেট-এর গঠন :

সর্বোচ্চ গণ-প্রকিউরেটরেট হল—চীনের প্রকিউরেটর ব্যবস্থার সর্বোচ্চ সংস্থা (The highest  
 procuratorial organ)। একজন প্রধান প্রকিউরেটর, কয়েকজন প্রকিউরেটর এবং প্রকিউরেটর কমিটির  
 সদস্যদের নিয়ে সর্বোচ্চ গণ-প্রকিউরেটর দপ্তর গঠিত হয়। যদি প্রধান প্রকিউরেটর জাতীয় গণ-কংগ্রেস  
 দ্বারা ৫ বছরের জন্য নির্বাচিত হন তবে তিনি একাদিক্রমে ১০ বছরের বেশি স্বপদে বহাল থাকতে পারেন  
 না (১৩০ নং ধারা); কার্যকালের মেয়াদ শেষ হবার আগেই জাতীয় গণ-কংগ্রেস তাঁকে অপসারণ করতে

পারে। প্রধান প্রকিউরেটরের পরামর্শে জাতীয় গণ-কংগ্রেসের স্থায়ী কমিটি অন্যান্য প্রকিউরেটরদের নিয়োগ ও অপসারণ করতে পারে (৬৭ নং ধারা)। সম্পাদিত কার্যাবলির জন্য সর্বোচ্চ গণ-প্রকিউরেটর দপ্তর জাতীয় গণ-কংগ্রেস ও তার স্থায়ী কমিটির নিকট দায়িত্বশীল থাকে (১৩৩ নং ধারা)।

### ■ আঞ্চলিক গণ-প্রকিউরেটরেটসমূহের গঠন :

সর্বোচ্চ গণ-প্রকিউরেটরেট-এর নীচে বিভিন্ন স্তরের স্থানীয় গণ-প্রকিউরেটরেটে এবং বিশেষ গণ-প্রকিউরেটরেটে রয়েছে। একজন প্রধান প্রকিউরেটর, কয়েকজন উপ-প্রধান প্রকিউরেটর, অন্যান্য প্রকিউরেটর এবং প্রকিউরেটর কমিটির সদস্যদের নিয়ে গঠিত হয় আঞ্চলিক গণ-প্রকিউরেটর দপ্তরগুলি। বিভিন্ন স্তরের আঞ্চলিক গণ-প্রকিউরেটর দপ্তরের প্রধান সংশ্লিষ্ট স্তরের গণ-কংগ্রেস কর্তৃক নির্বাচিত ও অপসারিত হন। সম্পাদিত কার্যাবলির জন্য প্রতিটি স্তরের গণ-প্রকিউরেটর দপ্তর সংশ্লিষ্ট স্তরের গণ-কংগ্রেস ও তার স্থায়ী কমিটির নিকট দায়িত্বশীল থাকে। এইভাবে গণতান্ত্রিক কেন্দ্রিকতার নীতিতে ভিত্তিতে বিভিন্ন আঞ্চলিক গণ-প্রকিউরেটর দপ্তরগুলিকে নিয়ন্ত্রণে রাখার ব্যবস্থা করা হয়েছে।

### ■ সামরিক প্রকিউরেটর দপ্তর :

সর্বোচ্চ গণ-প্রকিউরেটরেট-এর প্রধানের পরামর্শে জাতীয় গণ-কংগ্রেসের স্থায়ী কমিটি সামরিক প্রকিউরেটরেটের প্রধান প্রকিউরেটরকে নিয়োগ ও অপসারণ করে থাকে (২৭ নং ধারা)।

### ■ বিশেষ প্রকিউরেটর দপ্তর :

উপরিউক্ত গণ-প্রকিউরেটর দপ্তরগুলি ছাড়াও গণ-সাধারণতন্ত্রী চীনে অন্যান্য বিশেষ প্রকিউরেটর দপ্তর রয়েছে। এগুলি সর্বোচ্চ গণ-প্রকিউরেটর দপ্তরের অধীনে থেকে কাজ করে।

### ■ ক্ষমতা ও কার্যাবলি :

গণ-প্রকিউরেটর সংস্থার মূল দায়িত্ব হল চীনের রাষ্ট্রীয় পরিষদের অধীনস্থ সমস্ত দপ্তর, বিভিন্ন স্তরের আঞ্চলিক রাষ্ট্রীয় সংস্থা, এইসব রাষ্ট্রীয় সংস্থার কর্মচারীবৃন্দ এবং নাগরিকগণ যাতে সংবিধান ও আইন যথাযথভাবে মেনে চলে তা সুনিশ্চিত করা। এছাড়াও প্রতিটি স্তরের গণ-প্রকিউরেটর দপ্তর নিম্নলিখিত কার্যাবলি সম্পাদন করে থাকে—

(ক) রাষ্ট্রের নীতি, আইন ও প্রশাসনিক আদেশ প্রয়োগে বাধার সৃষ্টি, দেশের প্রতি বিশ্বাসঘাতকতা, দেশকে বিভক্ত করার চেষ্টা প্রভৃতি বিষয় সম্পর্কিত গুরুত্বপূর্ণ মামলার বিচারে সাহায্য করা।

(খ) গণ-আদালতগুলির দ্বারা পরিচালিত বিচারপদ্ধতি আইনসংগত হয়েছে কিনা তার তদারক করা।

(গ) গণ-আদালতগুলি দ্বারা প্রদত্ত রায় সঠিকভাবে কার্যকর হয়েছে কিনা, তার তদারক করা।

(ঘ) যে-সকল ফৌজদারি মামলা সরাসরি গণ-প্রকিউরেটরের দপ্তরের ওপর অর্পণ করা হয়েছে সেগুলির তদন্ত করা।

(ঙ) ফৌজদারি মামলা দায়ের করার ব্যবস্থা করা, ফৌজদারি মামলার রায় ও আদেশ বাস্তবায়নের ব্যবস্থা করা।

(চ) গণ-নিরাপত্তা বিভাগগুলি তাদের ওপর ন্যস্ত দায়িত্ব ঠিকভাবে পালন করছে, কিনা তা পর্যালোচনা করা।

(ছ) আইন-ভঙ্গাকারী রাষ্ট্রীয় কর্মচারীদের বিরুদ্ধে অভিযোগ পেশ করার নাগরিক অধিকার সুনিশ্চিত করা।

(জ) নাগরিক অধিকার লঙ্ঘনকারী ব্যক্তিদের আইনগতভাবে অভিযুক্ত করা।

(ঝ) উর্ধ্বতন স্তরে অবস্থিত গণ-প্রকিউরেটরের দপ্তর অধস্তন স্তরের গণ-প্রকিউরেটরের দপ্তর দ্বারা সম্পাদিত কার্যাবলির তদ্বাবধান করে।



X গণ-সাধারণতন্ত্রী চীনে গণ-প্রকিউরেটর ব্যবস্থা অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকে। সমাজতান্ত্রিক নীতি ও আদর্শ কার্যকর করার ক্ষেত্রে, সংবিধান ও আইনের মর্যাদা রক্ষার ক্ষেত্রে, নাগরিক অধিকার সুরক্ষার ক্ষেত্রে, অপরাধীর শাস্তিবিধান ও ন্যায়বিচার প্রতিষ্ঠার ক্ষেত্রে গণ-প্রকিউরেটরেট গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকে। (In comparison to Liberal Democratic System like U.S.A., People's Procuratorate System is more or less unique in the Judicial System of China.)